**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:03-07-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Hathras accident :**

উত্তরপ্রদেশের হাতরাস জেলার সিকান্দারাউ তহসিলের রতিভানপুর মুঘলগড়ী গ্রামে এক ধর্মীয় অনুষ্ঠানে ঘটে যাওয়া মর্মান্তিক দুর্ঘটনায় নিহতের সংখ্যা ১১৬তে দাঁড়িয়েছে। এছাড়াও ১৮ জন গুরুতর আহত ব্যক্তি আলিগড়ে চিকিৎসাধীন রয়েছেন।

এদিকে গতকাল লখনউতে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। তিনি আজ দুর্ঘটনা স্থলে যাচ্ছেন।মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবারকে দু` লক্ষ টাকা এবং আহতদের প্রত্যেককে ৫০ হাজার টাকা প্রদান করা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও মৃতদের পরিবারকে দু লাখ টাকা এবং আহতদের প্রত্যেককে ৫০ হাজার টাকা আর্থিক সহায়তা দেবার কথা ঘোষণা করেছেন। ।

এই ঘটনায় শোক প্রকাশ করে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন, এই ঘটনা অত্যন্ত মর্মান্তিক।। গতকাল সন্ধ্যায় লৌখনোয় সাংবাদিকদের তিনি বলেন, রাজ্য সরকার এই ঘটনার গভীরে গিয়ে তদন্ত করে ষড়যন্ত্রকারীদের বের করবে ও দোষীদের যথাযথ শাস্তি দেওয়ার ব্যবস্থা নেবে । আগ্রার এডিজি এবং

আলিগড়ের কমিশনারের  নেতৃত্বে একটি তদন্ত দল গঠন করা হয়েছে এবং দুর্ঘটনার কারণ অনুসন্ধান করে, এই বিষয়ে ২৪ঘন্টার মধ্যে রিপোর্ট  জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন ।

***********************

**BJP-Press Meet :**

ভারতীয় বিচার ব্যবস্থায় নতুন ফৌজদারি আইন চালু হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে অভিনন্দন জানিয়েছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বিজেপি প্রদেশ রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য একথা জানান। তিনি বলেন, এই নতুন আইনের ফলে বিচার ব্যবস্থায় আরো গতি আসবে। একই সাথে মহিলাদের নিরাপত্তা আরো সুনিশ্চিত হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন বিজেপি মুখপাত্র নবেন্দু ভট্টাচার্য ও মিডিয়া ইনচার্জ সুনীত সরকার।

****************************

**Kamalasagar-Tarapur Border Haat :**

সিপাহীজলা জেলার কমলাসাগর-তারাপুর আন্তর্জাতিক সীমান্ত হাট পুনরায় চালু করার লক্ষ্যে গতকাল দু-দেশের জেলা পর্যায়ের আধিকারিকদের দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়। চলতি মাসের শেষ দিকে এই সীমান্ত হাটটি পুনরায় চালু হতে পারে। বাংলাদেশ ব্রাহ্মণবাড়িয়া জেলার অতিরিক্ত জেলাশাসক জেসমিন সুলতানা জানিয়েছেন এই সীমান্ত হাটটি পুনরায় চালু করার আগে পরিষ্কার-পরিছন্নতার পাশাপাশি কিছু সংস্কার কাজ করা হবে। সংস্কার করা হবে আন্তর্জাতিক সীমান্তে থাকা তারকাটার বেড়ার কিছু স্থানেও।

********************

**New G.M. NFR :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের নির্মান শাখার নতুন জেনারল ম্যানেজার হিসাবে দায়িত্ব নিয়েছেন অরুন কুমার চৌধুরী। এন.এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয় গতকাল তিনি কার্যভার গ্রহণ করেছেন। শ্রী চৌধুরী, ইউপিএসসি-র ১৯৮৮ ব্যাচের ইন্ডিয়ান রেলওয়ে সার্ভিস অফ ইঞ্জিনিয়ার্সের একজন আধিকারিক।

সারা দেশে ছড়িয়ে থাকা ভারতীয় রেলের বিভিন্ন জোন এবং পিএসইউতে কাজ করার অভিজ্ঞতা রয়েছে তাঁর । এনএফ রেলওয়ের জেনারেল ম্যানেজার (কনস্ট্রাকশন) হিসাবে

যোগদানের আগে, তিনি ২০২৩ সালের জুন থেকে পূর্ব রেলওয়েের প্রিন্সিপাল চিফ ইঞ্জিনিয়ার হিসাবে কাজ করেছিলেন।

**********************

**CM-Panisagar :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল পানিসাগরের আঞ্চলিক শারীর শিক্ষন মহাবিদ্যালয় মাঠে অত্যাধুনিক সিন্থেটিক এথলেটিক ট্র্যাকের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, বিধায়ক বিনয় ভুষন দাস, জেলা শাসক দেবপ্রিয় বর্ধন, রাজ্য শিক্ষা দপ্তরের স্পেশাল সেক্রেটারি রাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ। এই সিন্থেটিক ট্রেক নির্মানে ব্যয় হয়েছে চার কোটি টাকা।

************************

**CPIM Rally-Belonia :**

বেকার যুবকদের কর্মসংস্থান, আইজিএম হাসপাতালে বেসরকারী হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত বাতিল করা ও সুষ্ঠুভাবে পঞ্চায়েত

নির্বাচনের দাবিতে গতকাল বিলোনিয়ার উত্তর ভারতচন্দ্র নগর বাজারে সিপিআইএম-এর উদ্যোগে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন, সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক তাপস দত্ত প্রমুখ।

********************************

**NHM PRESS MEET AYUSHMAAN :**

চিকিৎসার সুযোগ সম্প্রসারণে রাজ্যে গত তেসরা জুন থেকে আভা আই ডি রেজিস্ট্রেশানের ক্যাম্প শুরু হয়েছে। তা চলবে চলতি মাসের ১২ তারিখ পর্যন্ত। এখন পর্যন্ত রাজ্যে মোট আভা আই ডি রেজিস্ট্রেশন হয়েছে ১৯ লক্ষ ৪৩ হাজার ২৫৫ জনের। স্কুলে স্কুলে এই রেজিস্ট্রেশনের কাজ চলছে। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে রাষ্ট্রীয় স্বাস্থ্য মিশন এন এইচ এম -এর রাজ্য মিশন অধিকর্তা রাজীব দত্ত এই সংবাদ জানান।

**************************

**FLOOD ASSAM :**

আসামে বন্যা পরিস্থিতির আরো অবনতি হয়েছে । ২৮ লক্ষ মানুষ এর ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে । গত ২৪ ঘন্টায় তিনসুকিয়া, ধেমাজি জেলায় ৩ জনের মৃত্যু হয়েছে । এতে মোট মৃতের

সংখ্যা ৩৮ -এ পৌঁছেছে। সারা রাজ্যে ৪২ হাজার হেক্টর চাষের জমি ক্ষতিগ্রস্ত হয়েছে।

*******************

DYFI :

বাম যুব সংগঠন DYFI নেশার বিরুদ্ধে এবং কাজের দাবিতে গতকাল থেকে রাজ্য জুড়ে দুই সপ্তাহব্যাপী আন্দোলনে নেমেছে। মেলারমাঠস্থিত ছাত্র যুব ভবনে সাংবাদিক সম্মেলনে DYFI-এর রাজ্য সম্পাদক নবারুণ দেব একথা জানিয়ে বলেন, নেশার বিরুদ্ধে এবং কাজের দাবিতে টানা ১৪ দিন রাজ্যজুড়ে বিভিন্ন সভা, জমায়েত, মিছিল, ডেপুটেশন, গণ ডেপুটেশন সহ নানা কর্মসূচি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এছাড়াও, রাজ্যে বিদ্যুৎ পরিষেবা, স্বাস্থ্য, শিক্ষা ব্যবস্থার অবনতির অভিযোগ করে তিনি বলেন, এইসব ক্ষেত্রে পরিস্থিতির উন্নতি সহ এসটিজিটি, গ্রুপ-ডি পদ সহ নানা পদে নিয়োগ প্রক্রিয়া অতিসত্বর সম্পন্ন করার দাবী জানান তিনি।

**************************

**Vidhyajyoti-DYFI-TYF :**

বিদ্যাজ্যোতি স্কুলগুলিতে শিক্ষক সংকট দূর করা সহ বিভিন্ন দাবিতে গতকাল ডিওয়াইএফআই এবং টিওয়াইএফ এর পক্ষ থেকে

মোহনপুর মহকুমা শাসকের কাছে ডেপুটেশন প্রদান করা হয়। ডেপুটেশনে উপস্থিত ছিলেন বিধায়ক নয়ন সরকার, টিওয়াইএফ কেন্দ্রিয় কমিটির সম্পাদক কুমুদ দেববর্মা।

*************************

**Criminal Law-Sepahijala :**

সিপাহিজলার ডেপুটি কালেক্টর সোমেন দেবনাথ গতকাল বিশ্রামগঞ্জে এক সাংবাদিক সম্মেলনে নুতন ৩ ফৌজদারি আইন সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। তিনি জানান, এই ৩টি আইন সম্পর্কে জেলার সর্বস্তরের জনগনকে অবহিত করতে ব্যাপক হারে সচেতনতামূলক কর্মসূচি নেওয়া হবে।

**************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের প্লেট গ্রুপে গতকালের খেলায় তেলিয়ামুড়া চ্যাম্পিয়ন হয়েছে। এলিট গ্রুপের দ্বিতীয় সেমি ফাইন্যাল ম্যাচটি গতকাল বৃষ্টির জন্য বাতিল হয়ে যায় ।

ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে সদর ও উদয়পুরের মধ্যে ম্যাচটি আজ পুনরায় হওয়ার কথা রয়েছে ।

********************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, রাজ্যের সব জায়গায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে । আজকের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে । সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩৯.৪ মিলিমিটার ।

***********************

************************